গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ▪ নৌ-পরিবহন মন্ত্রণালয়

বাংলাদেশ মেরিন একাডেমী

৫৪ ব্যাচে মেরিন ক্যাডেট হিসেবে যোগ দিন

একাডেমী ক্যাডেটদের উৎকর্ষ:

- আন্তর্জাতিক নৌ-নেতৃত্বের উৎকর্ষে অনন্য।
- জাতীয় অর্থনীতিতে ৪,৫০০ এক্স ক্যাডেটদের গড় বার্ষিক অবদান ২০০ মিলিয়ন মার্কিন ডলার (১,৬০০ কোটি টাকা)।

একাডেমীর উৎকর্ষ:

- সমুদ্র পেশায় প্রয়োজনীয় আন্তর্জাতিক মানসম্পন্ন রেজিমেন্টাল ক্যাডেট প্রশিক্ষণে দেশের একমাত্র একাডেমী।
- ৪ বছর মেয়াদী ব্যাচলর অব মেরিটাইম সায়েন্স (বিএমএ) অনার্স ডিগ্রী প্রদানকারী দেশের একমাত্র একাডেমী।
- নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীনে দেশের একমাত্র সরকারি মেরিন একাডেমী।
- ১৯৯০ সন থেকে ওয়ার্ল্ড মেরিটাইম ইউনিভার্সিটি, সুইডেনের একটি শাখা।
- ২০১৩ সন থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতে অধিভুক্ত একমাত্র প্রতিষ্ঠান।
- আইএমও (জাতিসংঘ), ইউরোপীয় ইউনিয়ন, অস্ট্রেলিয়া ও সিঙ্গাপুর (এমপিএ) কর্তৃক স্বীকৃত ক্যাডেট প্রশিক্ষণ।
- পুরুষ/মহিলাদের জন্য সার্বক্ষণিক তত্ত্বাবধানে পৃথক, নিরাপদ ও আরামদায়ক আবাসন, আহার, খেলাধুলাসহ বিভিন্ন সুবিধা।

দ্বৈত-সনদায়নের মাধ্যমে দ্বৈত-সোপানের সুযোগ:

- প্রি-সী নটিক্যাল সাইন্স অথবা প্রি-সী মেরিন ইঞ্জিনিয়ারিং সনদের মাধ্যমে সমুদ্রগামী পেশায় প্রবেশের সুযোগ।
- ৪ বছর মেয়াদী বিএমএস অনার্স সনদের মাধ্যমে বিসিএস সহ উচ্চতর শিক্ষার (এমএসসি/পিএইচডি) সুযোগ ও শিপিং সংশ্লিষ্ট বিভিন্ন শোর ভিত্তিক পেশায় প্রবেশের সুযোগ।

আবেদনের যোগ্যতা:

- **বয়স:** ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে সর্বোচ্চ ২১ বৎসর (পুরুষ/মহিলা)।
  (জন্ম তারিখ: ০১ জানুয়ারি ১৯৯৭ বা পরে)
- **শিক্ষাগত যোগ্যতা :** মাধ্যমিক/সমমান (বিজ্ঞান) এবং উচ্চ মাধ্যমিক/সমমান (বিজ্ঞান) উভয় পরীক্ষায় নূন্যতম যোগ্যতা জিপিএ ৩.৫০। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পদার্থ ও গণিত বিষয়ে পৃথক ভাবে জিপিএ ৩.৫০ এবং ইংরেজীতে নূন্যতম জিপিএ ৩.০০ অথবা IELTS গড় স্কোর ৫.৫ থাকতে হবে।
- **ইংরেজি মাধ্যমের শিক্ষার্থী :** 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে নূন্যতম ৩ টিতে A গ্রেড এবং ২ টিতে B গ্রেড থাকতে হবে এবং 'এ' লেভেলের জন্য নূন্যতম ২ টি বিষয়ে B গ্রেড পেয়ে উত্তীর্ণ (উভয় পরীক্ষায় পদার্থ বিজ্ঞান এবং গণিতসহ) হতে হবে।
- **শারীরিক মান (নূন্যতম):** উচ্চতা ৫′-৪″; মহিলা ৫′-২″। ওজন বিশ্ব স্বাস্থ্য সংস্থার BMI চার্ট মোতাবেক হতে হবে (BMI নূন্যতম ১৭ এবং সর্বোচ্চ ২৭; যেমন ৫′-৪″; ৪৫-৭১ কেজি; ৫′-৬″; ৪৮-৭৬ কেজি)। দৃষ্টিশক্তি: নটিক্যাল ক্যাডেটের জন্য ৬/৬; ইঞ্জিনিয়ারিং ক্যাডেটের জন্য ৬/১২ (চশমাসহ অবশ্যই ৬/৬ হতে হবে)।
- **বৈবাহিক অবস্থা:** অবিবাহিত হতে হবে।
- **নাগরিকত্ব:** বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিক।

প্রশিক্ষণ:

চূড়ান্তভাবে মনোনীত ক্যাডেটগণ বাংলাদেশ মেরিন একাডেমীতে ২ বৎসর প্রশিক্ষণ সমাপনান্তে একাডেমী প্রদত্ত প্রি-সী নটিক্যাল সাইন্স অথবা প্রি-সী মেরিন ইঞ্জিনিয়ারিং সনদসহ ৩য় বৎসরে "নিজ ব্যবস্থাপনায়" সমুদ্রগামী জাহাজে ১ বছরের প্রশিক্ষণ অথবা মেরিন একাডেমী ও বঙ্গবন্ধু মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে ১ বছরের বিকল্প শোর ভিত্তিক প্রশিক্ষণ গ্রহণ করবে। অতঃপর ৪র্থ বৎসরে পুনরায় মেরিন একাডেমীতে অধ্যয়ন শেষে ৪ বৎসর মেয়াদী ব্যাচেলর অব মেরিটাইম সাইন্স (নটিক্যাল/ইঞ্জিনিয়ারিং) অনার্স সার্টিফিকেট লাভ করবে।
এ সময়ে নৌ-পরিবহন অধিদপ্তরের অধীনে পরীক্ষার মাধ্যমে Class-III Deck Officer অথবা Class-III Marine Engineer সমুদ্রগামী সনদ অর্জন করবে।

মনোনয়ন পদ্ধতি:

- **লিখিত পরীক্ষা:** নৈর্ব্যক্তিক (MCQ) (পদার্থ বিজ্ঞান, গণিত, ইংরেজি ও সাধারণ জ্ঞান) সর্বমোট ২০০টি প্রশ্ন; সময়: ২ ঘণ্টা; পাস নম্বর ৫০%; লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা প্রাথমিক শারীরিক যোগ্যতা পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- **শারীরিক যোগ্যতা পরীক্ষা:** দৌড়: ৪০০ মিটার; পুশ আপ: ১০টি; রোপ আরোহন: নূন্যতম ৩ মিটার; সাঁতার: নূন্যতম ৬০ মিটার একটানা অতিক্রমে সক্ষম।
- **মৌখিক পরীক্ষা:** প্রাথমিক শারিরীক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করবে।
  চূড়ান্ত মেধা তালিকা: চূড়ান্ত মেধা তালিকা (লিখিত+মৌখিক+এসএসসি+এইচএসসি) (৬৪%+১৬%+১০%+১০%)। চূড়ান্ত মেধা তালিকায় উত্তীর্ণ প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষার জন্য আহবান করা হবে। স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী ভর্তির যোগ্যতা লাভ করবে।

অনলাইন আবেদন পদ্ধতি:

- বাংলাদেশে অবস্থিত সোনালী ব্যাংকের যে কোনো শাখায় একাডেমীর পরীক্ষার জন্য নির্ধারিত স্লিপে (ব্যাংকে পাওয়া যাবে) ১০০০/-টাকা এবং ব্যাংক চার্জ ১০০/-টাকাসহ, সর্বমোট ১১০০/-(এক হাজার একশত মাত্র) জমা দিতে হবে। জমা স্লিপে নিজের নাম ও নিজ/পিতার মোবাইল নম্বর লিখতে হবে।
- মনে রাখতে হবে প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএস-এর মাধ্যমে ট্র্যাকিং নম্বর পাঠানো হবে (৪৮ ঘণ্টার মধ্যে)। ট্র্যাকিং নম্বর দিয়ে সোনালী ব্যাংক বা বাংলাদেশ মেরিন একাডেমীর ওয়েবসাইটে প্রদত্ত লিংক www.sonalibank.com.bd/ma -এ ক্লিক করে ফর্ম পূরণ ও ছবি আপলোড করতে হবে (Maximum 30 KB picture)
- অত:পর ফর্ম পূরণ শেষ হলে প্রবেশপত্র দেখা যাবে, যা তাৎক্ষনিক প্রিন্ট করে নিতে হবে।

বিশেষ নির্দেশনা:

- আবেদনের সংশোধিত সময়: ৩০ জুলাই ২০১৭ হতে ০৫ অক্টোবর ২০১৭ তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত।
- লিখিত পরীক্ষার সংশোধিত তারিখ: ১৩ অক্টোবর ২০১৭ তারিখে দুপুর ২.৩০ ঘটিকায়।
- লিখিত পরীক্ষার কেন্দ্র: ঢাকা, চট্টগ্রাম, খুলনা এবং রাজশাহীতে একযোগে অনুষ্ঠিত হবে।

প্রয়োজনীয় ডকুমেন্টস: লিখিত, শারীরিক যোগ্যতা ও মৌখিক পরীক্ষার সময় ভর্তি পরীক্ষার প্রবেশপত্র উচ্চ মাধ্যমিক পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।

Visit: www.macademy.gov.bd **Phone : 2514151-56** **sonalisheba@sonalibank.com.bd** **Phone : 029585802**	**সতর্কবাণী:** কোনো ব্যক্তি ভর্তির নিশ্চয়তা দিয়ে আপনার নিকট অর্থ দাবী করলে নিশ্চিত জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন। যে কোনো প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। প্রতারক সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ ০৩১-২৫১৪১৫৩-৫৬/২৫১৪১৬৩ নম্বরে অবহিত করুন। সঠিক সংবাদ দাতাকে পুরস্কৃত করা হবে।